



Total number of printed pages-4

14 (BEN-4) 4036

2023

BENGALI

Paper : BEN-4036

Full Marks : 80

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : $2 \times 8 = 16$
- (ক) 'নীলকণ্ঠী ব্রজ' উপন্যাসে আলমগড়ী কোন্ মন্দিরের পূজারি ছিল? তাকে মন্দিরের কাজে সাহায্য করা মহিলাটির নাম কী?
- (খ) 'নীলকণ্ঠী ব্রজ' উপন্যাসের সৌদামিনীর মা ও স্বামীর নাম লেখো। কোন্ নদীতে সৌদামিনীর মৃত্যু হয়েছিল?
- (গ) 'মাছ ও মানুষ' গল্পে গ্রামবাসীরা কোথায় মাছ ধরতে গিয়েছিল? তারা কী দিয়ে মাছ ধরত?

Contd.

- (ঘ) 'কফন' গল্পে মাধবের স্ত্রীর নাম কী ছিল? তার শেষকৃত্য সম্পন্ন করার জন্যে গ্রামের জমিদার কত টাকা দিয়েছিলেন?
- (ঙ) 'লংতরাই' উপন্যাসে উল্লিখিত 'খিলংতুইছা' কী? শব্দটির অর্থ লেখো।
- (চ) 'বড় একটা চিনার তুলে প্রাণপণে দৌড়ে জঙ্গলের দিকে নেমে যায়।' কে চিনার নিয়ে জঙ্গলের দিকে নেমে গিয়েছিল? সে কোন্ সময় চিনার চুরি করত?
- (ছ) 'স্বপ্নে তব কুললক্ষ্মী' গল্পে উল্লিখিত সৌগত দেববর্মার পিতার নাম ও ঠিকানা লেখো।
- (জ) হেমাঙ্গ বিশ্বাসের 'মা তুমি শিগগির ফিরে এসো' কবিতাটিতে ইবনদির সম্পূর্ণ নাম কী ছিল? সে কী বিক্রি করত?

২। যে-কোনো চারটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $৬ \times ৪ = ২৪$

- (ক) 'নীলকণ্ঠী ব্রজ' উপন্যাসে চিত্রিত দেওঘরী বাবার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (খ) 'মাছ ও মানুষ' গল্পে মানুষ ও প্রকৃতির সহাবস্থান লেখক কীভাবে অঙ্কন করেছেন তার বিবরণ দাও।
- (গ) রিয়াং জনগোষ্ঠীর জীবনে 'দোয়াইনক' প্রথার গুরুত্ব সম্পর্কে লেখো।

- (ঘ) 'জলোচ্ছ্বাস' গল্পে অনিন্দ্যসুন্দরের টাউন হলের মধ্যে থাকাকালীন পরিস্থিতির বর্ণনা দাও।
- (ঙ) 'অরুণাচলে রাত্রি' কবিতা অবলম্বনে অরুণাচলের রাত্রির একটি বিবরণ প্রস্তুত করো।
- ৩। (ক) 'নীলকণ্ঠী ব্রজ' উপন্যাসে চিত্রিত নারীদের জীবনযাত্রা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

- (খ) 'নীলকণ্ঠী ব্রজ' উপন্যাসে লেখিকা যে উৎসব অনুষ্ঠানের চিত্র অঙ্কন করেছেন তার একটি যথাযথ বিবরণ দাও।
- ৪। (ক) 'হারানো টুপির রহস্য' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

- (খ) 'কফন' গল্পের কাহিনি কোন্ চরিত্রকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে সে সম্পর্কে যুক্তিসহ আলোচনা করো।
- ৫। (ক) বিমল সিংহের রাজনৈতিক মতাদর্শ 'লংতরাই' উপন্যাসকে কীভাবে প্রভাবিত করেছে সে সম্পর্কে তোমার অভিমত দাও। ১০

অথবা

(খ) 'লংতরাই' উপন্যাসের জরকামুনি ও সাজেরঙের সম্পর্কের স্বরূপ স্পষ্ট করো।

৬। (ক) মানস দেববর্মনের 'স্বপ্নে তব কুললক্ষ্মী' গল্পের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো। ১০

অথবা

(খ) 'মনসামঙ্গল' কবিতা অবলম্বনে শক্তিপদ ব্রহ্মচারীর কাব্যপ্রতিভার মূল্যায়ন করো।
